

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

স্মারক নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০০৫.২৪- ৪২৪


তারিখ: ২৫ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ২৪/১১/২০২৪ খ্রি: তারিখে ভর্তির পরীক্ষার ফলাফল (নির্বাচিত ও অপেক্ষমান তালিকা) প্রকাশ করা হয়। উক্ত মেধা তালিকা হতে ০১/১২/২০২৪ তারিখ হতে ০৫/১২/২০২৪ তারিখ পর্যন্ত ভর্তি করা হয়। পরবর্তীতে আসন শূণ্য থাকায় মেধা ক্রমানুযায়ী ২য় মেধা তালিকা বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট (www.dot.gov.bd) ও বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ওয়েবসাইটে (btec.portal.gov.bd) প্রকাশ করা হয়েছে।

ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য নির্দেশাবলী:

- ১। অপেক্ষমান তালিকা হতে ২য় মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের ১৭/১২/২০২৪ খ্রি: তারিখ হতে ১৯/১২/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত কলেজের রেজিস্ট্রেশন শাখায় ভর্তি হতে হবে।
 - ২। ভর্তির সময় প্রার্থীর এসএসসি ও ডিপ্লোমা পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও মূল/সাময়িক সনদপত্র অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ও মূল/সাময়িক সনদপত্র ছাড়া ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
 - ৩। ভর্তির সময় প্রার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।
 - ৪। পরীক্ষার্থীর আবেদনের অনলাইনের 'এপ্লিকেন্ট কপি' অবশ্যই জমা দিতে হবে।
 - ৫। ভর্তির জন্য ১৭,৮০০/- (সতের হাজার আটশত) টাকা শাহজালাল ইসলামিক ব্যাংক লিঃ কালিহাতি, টাংগাইল শাখায়, হিসাব নম্বর-৪০৬০১১০০০০০২৮১ জমা দিয়ে রশিদসহ ভর্তির ফরম ও অজীকারনামা সংগ্রহ পূর্বক যথাযথ ভাবে পূরণ করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
 - ৬। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক ইস্যুকৃত স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
- বিঃ দ্রঃ ভর্তির বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ শহিদুল ইসলাম)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।



স্মারক নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০০৫.২৪- ৪২৪/১(৬)


তারিখ: ২৫ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অধ্যাপক ড. মোহাম্মদ আলী, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ ও কলেজ পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব),
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। জনাব মোঃ জিল্লুর রহমান, উপসচিব (বস্ত্র-১), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল।
- ০৪। জনাব মোঃ কবির হোসেন পাটোয়ারী, সহকারী অধ্যাপক (ইলেকট্রিক্যাল) বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টাংগাইল।
- ০৫। উপপরিচালক (শিক্ষা) (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ), বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ০৬। জনাব মোঃ ইব্রাহীম আলী, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপাচার্য, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(হোসনে আরা বেগম) ১০.১২.২৪
পরিচালক (উপসচিব) শিক্ষা
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি।